টেকনাফে সেনাসদস্য নিহতের ঘটনায় জামায়াতের শোক



ছবি: সংগৃহীত

কক্সবাজারের টেকনাফে মানবপাচারবিরোধী অভিযানে যৌথ বাহিনীর ওপর হামলায় সেনাসদস্য মো. তিতাস শেখ নিহতের ঘটনায় শোক প্রকাশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। একই সঙ্গে মানবপাচারকারী চক্রের সদস্য ও তাদের পৃষ্ঠপোষকদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছে দলটি।

শুক্রবার (৬ নভেম্বর) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এ দাবি জানান।

বিবৃতিতে বলা হয়, বৃহস্পতিবার (৫ নভেম্বর) টেকনাফে মানবপাচারকারীদের বিরুদ্ধে অভিযানের সময় সন্ত্রাসীদের গুলিতে সেনাসদস্য তিতাস শেখ নিহত হন। এ ঘটনায় গভীর শোক প্রকাশ করে তাঁর পরিবারের প্রতি সমবেদনা জানান মিয়া গোলাম পরওয়ার। পাশাপাশি আহত ও উদ্ধার হওয়া ব্যক্তিদের চিকিৎসা ও নিরাপত্তা নিশ্চিত করার আহ্বান জানান তিনি।

মিয়া গোলাম পরওয়ার বলেন, মানবপাচারকারী চক্র দীর্ঘদিন ধরে মানুষকে জিম্মি করে অবৈধভাবে বিদেশে পাঠানোর চেষ্টা করছে। এ চক্রের সদস্যদের পাশাপাশি তাদের পেছনে থাকা ব্যক্তিদেরও চিহ্নিত করে গ্রেপ্তার করতে হবে।

দুর্গম পাহাড়ি এলাকায় মানবপাচারকারী ও সশস্ত্র সন্ত্রাসীদের তৎপরতা বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সমন্বিত অভিযান জোরদারের আহ্বান জানান জামায়াতের এই নেতা। একই সঙ্গে সেনাসদস্য তিতাস শেখ হত্যার সুষ্ঠু তদন্ত এবং জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তিনি।